


সংস্থার নাম বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)

সহজীকৃত সেবা রিমোট পাওয়ার মনিটরিং সিস্টেম

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	যে কোন সার্ভার অথবা এক্সচেঞ্জ রুমের পাওয়ার ফেইলিউর/ লোডশেডিং।	-	সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপক/ সহকারী ব্যবস্থাপক
ধাপ-২	পাওয়ার ফেইলিউর হলে অটোমেটিক ইউপিএস ব্যাটারি ব্যাকআপের মাধ্যমে সার্ভার সচল রাখে।	০/১/০	সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপক/ সহকারী ব্যবস্থাপক
ধাপ-৩	কর্মাশিয়াল লাইন অথবা জেনারেটর দ্রুত চালু করতে ব্যর্থ হলে ব্যাটারি ডিসচার্জ হয়ে সার্ভার বা যেকোন মেশিন ডাউন হয়ে যায়। দেশব্যাপি সকল সেবা বন্ধ হয়ে যেতে পারে।	০/১/০	ইলেক্ট্রিশিয়ান
ধাপ-৪	সার্ভার বা এক্সচেঞ্জ ডাউন হয়ে গেলে ভেন্ডর অথবা বিটিসিএল এর এক্সপার্ট আনয়ন পূর্বক পুনরায় সচলকরণ।	৩/০/০	ভেন্ডর/ সংশ্লিষ্ট বিষয়ে এক্সপার্ট


২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ



৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	পাওয়ার ফেইলিউর জনিত কারণে সার্ভার বা এক্সচেঞ্জ ডাউন হলে এর সাথে সংশ্লিষ্ট সকল সার্ভিস বন্ধ হয়ে যাবে। কর্মকর্তাগণের / কর্মচারীগণের শারীরিক উপস্থিতি ব্যতিত লোডশেডিং এর তথ্য জানা সম্ভব নয়।	মোবাইল এসএমএসের মাধ্যমে তাৎক্ষণিক সমস্যার সম্পর্কে জানা সম্ভব।
২। দাখিলীয় কাগজপত্রাদি		
৩। সেবার ধাপ	৪ টি	২ টি
৪। সম্পূর্ণ জনবল	৪/৫ জন	২ জন
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি		
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	৩টি অফিস	২টি অফিস
৭। আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	-	-
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	-	নিজস্ব ডিজাইনকৃত মনিটরিং হার্ডওয়ার ও অন্যান্য যন্ত্রাংশ ও প্রয়োজনীয় সফটওয়্যার।
৯। রেকর্ড/তথ্য সংরক্ষণ	-	প্রয়োজন অনুসারে IOT সার্ভারে
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না	স্বল্প/নেই	প্রযুক্তি ও যন্ত্রের উচ্চতর ব্যবহার
১১। খরচ (নাগরিক+অফিস)	ক্ষেত্রবিশেষে কোটি কোটি টাকাও হতে পারে, যদি সার্ভার/মেশিন ডাউন হয়ে যন্ত্রপাতি ক্ষতিগ্রস্ত হয়।	হার্ডওয়ার বানাতে খরচ আনুমানিক ৫ হাজার টাকা। তাৎক্ষণিক মনিটরিং সম্ভব বলে সার্ভার ডাউন হওয়ার ক্ষতি থেকে রক্ষা করে কোটি কোটি টাকার সম্পদ রক্ষা করবে।
১২। সময় (নাগরিক+অফিস)	তাৎক্ষণিক পাওয়ার/এসি ফেইলিউর সম্পর্কে জানা না গেলে, সার্ভার বন্ধ হয়ে গেলে ক্ষেত্র বিশেষে সার্ভিস চালু করতে ১ থেকে ৭ দিন লাগতে পারে।	তাৎক্ষণিক অবগত হওয়া যাচ্ছে, বিধায় জেনারেটর চালু করে বা অন্য কোন উপায়ে পাওয়ার সচল করে সেবা চালু রাখা যায়, ফলে নাগরিক সেবায় বিঘ্ন ঘটে না এবং সেই জন্য শূন্য সময়ের প্রয়োজন হয়।
১৩। যাতায়াত (নাগরিক)	ক্ষেত্র বিশেষে ৩/৫ বার	০ (শূন্য) বার
১৪। অন্যান্য	নিরবিচ্ছিন্ন সেবা বিঘ্নিত হতে পারে।	নাগরিকগণের নিরবিচ্ছিন্ন সেবা নিশ্চিত করা সম্ভব এবং সেবার মান অনেক উন্নত করা সম্ভব।

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ



৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	যে কোন সার্ভার অথবা এক্সচেঞ্জ রুমের পাওয়ার ফেইলিউর/ লোডশেডিং	ধাপ-১	যে কোন সার্ভার অথবা এক্সচেঞ্জ রুমের পাওয়ার ফেইলিউর/ লোডশেডিং
ধাপ-২	পাওয়ার ফেইলিউর হলে অটোমেটিক ইউপিএস ব্যাটারি ব্যাকআপের মাধ্যমে সার্ভার সচল রাখে।	ধাপ-২	পাওয়ার ফেইলিউর হলে অটোমেটিক ইউপিএস ব্যাটারি ব্যাকআপের মাধ্যমে সার্ভার সচল রাখে।
ধাপ-৩	কর্মাশিয়াল লাইন অথবা জেনারেটর দ্রুত চালু করতে ব্যর্থ হলে ব্যাটারি ডিসচার্জ হয়ে সার্ভার বা যেকোন মেশিন ডাউন হয়ে যায়।	ধাপ-৩	ডিজাইনকৃত মনিটরিং ডিভাইস ২ মিনিট (কনফিগারেবল টাইমিং) পর্যবেক্ষণ করে থাকে। পর্যবেক্ষণের পরও পাওয়ার ফেইলিউর পেয়ে থাকলে তাৎক্ষণিক এসএমএসের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করে থাকে।
ধাপ-৪	পাওয়ার ফেইলিউর কেস অবহিত না হতে পারলে মারাত্মক যান্ত্রিক ক্ষতির সম্ভাবনা এবং দেশব্যাপি সকল ইন্টারনেট সেবা ও টেলিফোন সেবা বন্ধ হয়ে যেতে পারে। কোটি কোটি টাকার আর্থিক ক্ষতি হতে পারে।	ধাপ-৪	তাৎক্ষণিক অবহিত হওয়ায় কোটি কোটি টাকার আর্থিক ক্ষতি থেকে রক্ষা পাবে এবং নিরবিচ্ছিন্ন সেবা দেওয়া সম্ভব হবে।

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	ক্ষেত্র বিশেষে ১-৭ দিন	সেবা বিল্লিত হবে না বিধায় শূন্য দিন
খরচ (নাগরিক ও অফিসের)	ক্ষেত্রবিশেষে কোটি কোটি টাকাও হতে পারে যদি সার্ভার/মেশিন ডাউন হয়ে যন্ত্রপাতি ক্ষতিগ্রস্ত হয় এবং দেশ ব্যাপি সেবা বন্ধ হয়ে যায়।	হার্ডওয়ার বানাতে খরচ আনুমানিক ৫ হাজার টাকা। তাৎক্ষণিক মনিটরিং সম্ভব বলে সার্ভার ডাউন হওয়ার ক্ষতি থেকে রক্ষা।
যাতায়াত	৫/৭ বার	০ বার
ধাপ	৪ টি	১ টি
জনবল	৪/৫ জন	২ জন
দাখিলীয় কাগজপত্র	-	-
গুনগত মান (Quality)	<p>নাগরিকঃ সার্ভার/ এক্সচেঞ্জ ডাউন হলে নাগরিক সেবায় বিল্ল ঘটে, দেশব্যাপি ইন্টারনেট ও টেলিফোন সেবা বন্ধ হয়ে যায়।</p> <p>অফিসঃ সার্ভার/ এক্সচেঞ্জ ডাউন হলে কর্মকর্তাদের শারীরিক ও মানসিক পরিশ্রম বেড়ে যায়। এমনকি অন্য কোম্পানি হতে বা ভেন্ডর হতে এক্সপার্ট আনয়নের প্রয়োজনীয়তাও দেখা দেয়। ফলে আর্থিক ও মানসিক ক্ষতি জড়িত থাকে।</p>	<p>নাগরিকঃ তাৎক্ষণিক অবহিত হলে সার্ভার ডাউনের ক্ষতি থেকে বাঁচা যায়, এতে নাগরিক সেবা নিশ্চিত হয়।</p> <p>অফিসঃ কর্মকর্তাদের মানসিক ও শারীরিক পরিশ্রম লাঘব হবে। প্রতিষ্ঠান বড় ধরনের আর্থিক ক্ষতি থেকে বাঁচতে পারবে।</p>